

ফিরে এস...
দিলরুবা শাহানা

মনে পড়ে?
কোথায় হতো কচু পাতায় শিশির জমে মুক্তো,
আমের মুকুল কুয়াশাতে ছিল কখন সিক্ত?
স্বাদ যায় কি ধনেপাতা লংকা পিষে ভর্তার
খেজুর রসে ডুবে থাকা নতুন চালের পিঠার?
শুনতে যেতে ইচ্ছে যে কার?
শ্রাবন মাসে অবিরলে বৃষ্টির পড়ার ঝংকার,
ফাগুন এলে শহীদস্মৃতির বিষাদগীতি গাওয়ার!
দেখতে যেতে মন চায় কি
কষ্ট কেমন ভীষন কষ্ট বানের জলে ভাসার,
আনন্দ কি আনন্দ কৃষ্ণচূড়ার লালরঙা ঐ বন্যার!
ভাল থেকে, সুখে থেকে,
ফিরে এস, কি এসোনা
শুধু মনে রেখ,
শুধু ভালবেসো
যাদুসোনা!